

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০০২.২০১৪-৬২২

তারিখঃ ৩০/১২/১৪২৩ বঙ্গাব্দ
১৩/০৪/২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৭/০৬/২০১৬ তারিখের ৮০.১০৭.০১১.০০.০০৩.২০১৬-১৭১ সংখ্যক পত্রের সুপারিশক্রমে ৩৪ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন নিম্নবর্ণিত প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নিমিউ এন্ড টিসির সহকারী মেরামত কাম প্রশিক্ষণ প্রকৌশল (ইলেকট্রনিক্স) (১ম শ্রেণির) মন-ক্যাডার পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৯ম গ্রেডে (টাঃ ২২০০০-৫৩০৬০/-) বেতন স্কেলে নিয়োজিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব এম. এন. নাশিদ রহমান	পিতা-মোঃ জিল্লুর রহমান, গ্রাম-বেওলা, থানা- আত্রাই, ডাকঘর-পারেশনগর, জেলা-নওগাঁ।	(রেজিঃ নম্বর-২০২০৬৫)

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগ প্রার্থীর ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশ কালে অথবা শিক্ষানবিশ কাল উত্তীর্ণ হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩ অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আদালত) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৫) নিয়োগ প্রার্থী যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞিকারাবদ্ধ হয়ে তবে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৭) The Government Servants(Conduct) Rules,1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

অঃপঃদঃ

(৮) নিয়োগ প্রার্থী কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে;

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্তগণ কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(১০) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(১১) উপরের শর্তাবলী নিয়োগ প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৫/০৪/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/

১৩/০৪/২০১৭

(মোঃ সিরাজুল ইসলাম)

সচিব

নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০০২.২০১৪-৬২২/১ (১২)

তারিখঃ ৩০/১২/১৪২৩ বঙ্গাব্দ
১৩/০৪/২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। জনাব এম. এন. নাশিদ রহমান, পিতা-মোঃ জিল্লুর রহমান, গ্রাম-বেওলা, থানা-আত্রাই, ডাকঘর-পারেশনগর, জেলা-নওগাঁ।
- ১২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মোঃ রেজাউল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd